

স্মারক নং: ১৫.৫৫.০০০০.৩০৩.২৫.২৯৫.২৫. ৪৬০

তারিখ: ০৯ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি



Content Creation, Screen play & Visual Production Techniques

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আগামী ২৪ আগস্ট থেকে ২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. মেয়াদে ০৫ (পাঁচ) সপ্তাহব্যাপী **Content Creation, Screen play & Visual Production Techniques** প্রশিক্ষণ আয়োজন করতে যাচ্ছে। এ পাঠ্যধারায় কন্টেন্ট নির্মাণের ধারণা ও কৌশল, পান্ডুলিপি ও চিত্রনাট্য লিখন, ভিজ্যুয়াল প্রোডাকশনের খুঁটিনাটি, প্রামাণ্য ও কাহিনী চিত্রের ধারণা, গবেষণা, সাক্ষাৎকার, ক্যামেরা ও লাইটিং, সাউন্ড, এডিটিংসহ হাতেকলমে ভিজ্যুয়াল প্রোডাকশন অনুশীলন ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত থাকবে।

Content Creation, Screen play & Visual Production Techniques প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই উচ্চ মাধ্যমিক পাশ হতে হবে। সাংস্কৃতিক কর্মকান্ডের সাথে জড়িত প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে।


আগামী ১৪ আগস্ট ২০২৫ খ্রি. পর্যন্ত দপ্তর চলাকালীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর দুই কপি রঞ্জিন সত্যায়িত ছবি, সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি এবং প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ১৭ আগস্ট ২০২৫ খ্রি. রোজ রবিবার।

এছাড়াও ইনস্টিটিউটের ওয়েবসাইট www.nimc.gov.bd থেকেও অনলাইনে বর্ণিত কাগজপত্রের Scanned Copy-সহ আবেদন করা যাবে। সেক্ষেত্রে সাক্ষাৎকারের দিন সকল কাগজপত্র এবং আবেদনের মূল্য বাবদ ২০০/- (টাকা দুইশত) মাত্র এ প্রতিষ্ঠানের হিসাব শাখায় প্রদান করতে হবে।

সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে এবং সাক্ষাৎকারের জন্য মনোনীত প্রার্থীদের আগামী ১৮ আগস্ট ২০২৫ খ্রি. রোজ সোমবার সকাল ১১.০০ টার মধ্যে এ ইনস্টিটিউটে রিপোর্ট করতে হবে।

সাক্ষাৎকারে নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ ৳ ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা মাত্র আয়ন-ব্যয়ন কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট- এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।


(মো. সোহেল পারভেজ)
পাঠ্যধারা পরিচালক
ও
উপপরিচালক (চলচ্চিত্র প্রশি.)
ফোন : ৫৫০৭৯৪৪২